

নবম জাতীয় সংসদ নির্বাচন ২০০৮  
ভোলা-১ আসন হতে নির্বাচনে অংশগ্রহনকারী প্রার্থীদের

" সমঝোতা ইশতেহার "

নির্বাচনে অংশগ্রহনকারী প্রার্থীদের নাম, রাজনৈতিক সম্পৃক্ততা ও স্বাক্ষর

| ক্রম<br>নং | নাম                              | রাজনৈতিক সম্পৃক্ততা         | স্বাক্ষর             |
|------------|----------------------------------|-----------------------------|----------------------|
| ০১         | এ্যাডভোকেট ইউসুফ হোসেন হুমায়ুন  | মহাজোট                      | ইউসুফ হোসেন হুমায়ুন |
| ০২         | ব্যারিস্টার আন্দালিভ রহমান পার্থ | চারদলীয় জোট                | আন্দালিভ রহমান       |
| ০৩         | মাওলানা মো: আনিসুল হক            | ইসলামী আন্দোলন,<br>বাংলাদেশ | আনিসুল হক            |
| ০৪         | কৃষক মো: সাদেক                   | গনফ্রন্ট                    | কৃষক মো: সাদেক       |
| ০৫         | তপন কুমার চক্রবর্তী              | স্বতন্ত্র                   | তপন কুমার চক্রবর্তী  |

আমরা উপরোল্লিখিত ব্যক্তিবর্গ নবম জাতীয় সংসদ নির্বাচন ২০০৮ ভোলা-১ আসন হতে নির্বাচনে অংশগ্রহনকারী প্রার্থীরা এলাকায় সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠান ও গনমুখী উন্নয়নের প্রত্যয়ে " সম্প্রীতির নির্বাচন ও জবাবদিহিতার উন্নয়ন " শ্লোগানকে সামনে রেখে এই যৌথ সমঝোতা ইশতেহার প্রকাশে একমত হলাম।

স্বাক্ষর ১-১২-০৮

- আমরা যৌথভাবে ঘোষণা করছি যে, ভোলা-১ আসনে নির্বাচনকালীন ও নির্বাচন পরবর্তী সময়ে সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রাখতে সদা তৎপর থাকিব। নির্বাচনের ফলাফল যাই হোক না কেন গনরায়ের প্রতি শ্রদ্ধা রেখে তা মেনে নেব এবং ভোলা-১ আসনের জনমানুষের প্রত্যাশা বাস্তবায়নের লক্ষ্যে একযোগে কাজ করব।
- দ্বীপ জেলা ভোলার একদিকে যেমন রয়েছে অপার সম্ভাবনা তেমনি সীমাবদ্ধতাও রয়েছে অনেক। ভোলাকে দারিদ্র্য ও ক্ষুধামুক্ত " ন্যায় ও সমতা ভিত্তিক " জেলা হিসাবে গড়ে তুলতে ভোলা-১ আসনের নির্বাচিত জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিবর্গ ও স্থানীয় সিভিল সমাজকেই গুরু দায়িত্ব পালন করতে হবে। আমরা স্থানীয় গুরুত্বপূর্ণ উন্নয়ন ইস্যুগুলো বিবেচনায় দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে একসাথে কাজ করব।

৩. ভোলা-১ আসনের, সর্বোপরি ভোলা জেলার জনমানুষের দীর্ঘদিনের দাবী/ প্রত্যাশা " ভোলা-বরিশাল বিকল্প সড়ক নির্মাণ এবং ভোলা মহাসড়ক সংস্কারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করব।
৪. ভোলার নদী ভাঙ্গন, দুর্ঘোণ, ক্রমবর্ধমান হারে পরিবেশীয় উদ্ভাস্ত ইত্যাদি দারিদ্র ও সামাজিক অবক্ষয়ের প্রধান কারন। আমরা নদীভাঙ্গন রোধে কার্যকর ব্যবস্থা গ্রহন সহ স্থায়িত্বশীল ভাবে দুর্ঘোণ ঝুঁকি হ্রাস এবং পরিবেশীয় উদ্ভাস্তদের জন্য বিকল্প জীবনজীবিকা/কাজের সুযোগ সৃষ্টি করব। পাশা/পাশি নারীর প্রতি সকল ধরনের সামাজিক সম্মান নির্মূল ও নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের জন্যে কার্যকর প্রদক্ষেপ গ্রহন করব।
৫. " প্রাকৃতিক গ্যাস" ভোলার এক অনন্য সম্পদ। প্রাকৃতিক গ্যাস নির্ভর বিদ্যুত কেন্দ্র স্থাপন ও স্থানীয় কৃষিপন্য/মৎস্য সম্পদ নির্ভর শ্রমঘন শিল্প স্থাপনে কার্যকর পদক্ষেপ গ্রহন করব যা দারিদ্র বিমোচনে ও অর্থনৈতিক উন্নয়নে অনুকরণীয় স্থানীয় দৃষ্টান্ত হয়ে থাকবে।
৬. সীমাবদ্ধতা নিরসনের পাশাপাশি আমরা আমাদের এলাকার অফুরন্ত সম্ভাবনাকেও কাজে লাগব। জেগে উঠা ভূমিতে বনসৃজন, খাস জমিতে ভূমিহীনদের অধিকার প্রতিষ্ঠা, প্রাকৃতিক সম্পদ সুরক্ষা ইত্যাদির জন্য একযোগে কাজ করব। কোনভাবেই রাষ্ট্রীয় সম্পত্তি/প্রাকৃতিক সম্পদ, যেন ব্যক্তি বিশেষের সম্পদে পরিণত না হয় তার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহন করব।

বাংলাদেশে গনতান্ত্রিক শাসনব্যবস্থা শক্তিশালীকরণের জন্য সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠান এবং গনমুখী উন্নয়নের নতুন ধারা সৃষ্টি করা হবে আমাদের সকলের প্রত্যয়।

| ক্রম<br>নং | নাম                   | রাজনৈতিক সম্পৃক্ততা                          | স্বাক্ষর    |
|------------|-----------------------|--|-------------|
| ০১         | ফজলুল হকের প্রজ্ঞাপন  | সর্বমুখী<br>বোলা-১ আসন (স্বাধীনতা)<br>সভাপতি | (Signature) |
| ০২         | ডেপুটি ম্যাজিস্ট্রেট  | বোলা-১ আসন (স্বাধীনতা)<br>সভাপতি             | (Signature) |
| ০৩         | আব্দুল হকের প্রজ্ঞাপন | সর্বমুখী<br>বোলা-১ আসন (স্বাধীনতা)<br>সভাপতি | (Signature) |
| ০৪         | আব্দুল হকের প্রজ্ঞাপন | সর্বমুখী<br>বোলা-১ আসন (স্বাধীনতা)<br>সভাপতি | (Signature) |
| ০৫         |                       |  |             |
| ০৬         |                       |  |             |
| ০৭         |                       |  |             |

ভোলা নাগরিক মন্ত্রী এর পক্ষে

আহবায়ক

(Signature)  
এডভোকেট মো: শাহাওয়ান ২৩/১২/১০৮